

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০১.২৫.০১০.২১.১৭৮

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩১

১২ সেপ্টেম্বর ২০২৪

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে অনুষ্ঠেয় ১৩৫তম ও ১৩৬তম আইন ও প্রশাসন কোর্সে মনোনয়নের জন্য বিসিএস ৩৩তম থেকে ৩৮তম ব্যাচের প্রশাসন ক্যাডারের কর্মকর্তাগণের তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে ৬ অক্টোবর ২০২৪ তারিখ হতে ৪ মার্চ ২০২৫ পর্যন্ত পাঁচ মাস মেয়াদী ১৩৫তম ও ১৩৬তম আইন ও প্রশাসন কোর্স অনুষ্ঠিত হবে। বর্ণিত কোর্সে অংশগ্রহণের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর/দপ্তর ও মাঠ প্রশাসনে (বিভাগ, জেলা ও উপজেলায়) কর্মরত বিসিএস ৩৩তম থেকে ৩৮তম ব্যাচের প্রশাসন ক্যাডারের কর্মকর্তাগণ যারা এখনো বর্ণিত কোর্সে অংশগ্রহণ করেননি তাদের হালনাগাদ তথ্য প্রয়োজন।

০২। বর্ণিত অবস্থায় তাঁর মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/জেলায় কর্মরত বিসিএস প্রশাসন ক্যাডারের ৩৩তম ব্যাচ থেকে ৩৮তম ব্যাচ পর্যন্ত যে সকল কর্মকর্তা ইতঃপূর্বে আইন ও প্রশাসন কোর্সে অংশগ্রহণ করেননি এবং কোনো স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রশাসকের দায়িত্বে নিয়োজিত নেই তাদের হালনাগাদ তথ্যাদি নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ২০/০৯/২০২৪ খ্রি. তারিখের মধ্যে (it2@mopa.gov.bd) (soft copyসহ নিকস ফন্টে) এ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক:

ক্রমিক নং	কর্মকর্তার নাম	পরিচিতি নম্বর	পদবি ও কর্মস্থল	ব্যাচ	মোবাইল নম্বর

১২-৯-২০২৪

ড. মোঃ মনিরুজ্জামান

উপসচিব

ফোন: ২২৩৩৮৯২৩৪

ইমেইল: it2@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)::

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
- ২) সিনিয়র সচিব/সচিব (সকল);
- ৩) রেক্টর/মহাপরিচালক, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা (সকল);

- ৪) অতিরিক্ত সচিব, নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ৫) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ৬) বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রংপুর/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ;
- ৭) জেলা প্রশাসক (সকল);
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৯) অফিস কপি।